গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর, ২০২০ মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট |
| সভার তারিখ | ১৯ অক্টোবর, ২০২০, রোজ সোমবার |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | Zoom App এর মাধ্যমে Video Conference |
| উপস্থিতি | Zoom উপস্থিতি তালিকা |

সভাপতি Video Conference এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচি অনুসারে সভার কার্যপত্রের বিষয়ে আলোচনায় অংশগ্রহণের জন্য সকর সদস্যকে অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি উপস্থাপন করেন। অতঃপর নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০ বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

গত ১৭ আগস্ট ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় আলোচনা করা হয়। কার্যবিবরণীটি এ কার্যালয়ের গত ০৪/০৯/২০২০ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.৬৩০ নংস্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথি এবং ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতেকোনরূপ সংশোধন/সংযোজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

**৩.০ বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রমের পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| <u>৩.১.সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জোন:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মনে প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে এবং বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়কের মেরামত কাজ চলমান রয়েছে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জানান যে, সুনামগঞ্জ জেলার পাগলা, জগন্নাথপুর, রানীগঞ্জ ও শাল্লা উপজেলার সড়ক উন্নয়ন কাজের টেন্ডার হয়ে গেছে। কাজের মেয়াদ ২০২২ সন পর্যন্ত বর্ধিত করা রয়েছে। জেলা প্রশাসক, হবিগঞ্জ বানিয়াচং সড়কের ক্ষতিগ্রস্ত বেইলি ব্রিজ জরুরি ভিত্তিতে মেরামতের জন্য অনুরোধ করেন।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সভাকে জানান যে, সিলেট সিটি কর্পোরেশনের মধ্যে সড়ক-জনপথ বিভাগের রাস্তা রয়েছে। এ রাস্তাসমূহ মেরামতের জন্য উভয় বিভাগের সমন্বয় প্রয়োজন। | (ক) স্বাস্থ্যবিধি মেনে প্রকল্পসমূহের চলমান কাজ সম্পাদন করতে হবে।<br>(খ) হবিগঞ্জ-বানিয়াচং সড়কে ক্ষতিগ্রস্ত বেইলি ব্রিজ জরুতিভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |
| | (খ) বন্যা এবং অধিক বৃষ্টিপাতে ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট।<br>(খ)অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| | সিসিক এর আওতায় সড়ক-মহাসড়ক সমন্বয়পূর্বক মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিসিক<br>খ. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |
| <u>৩.২.এলজিইডি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে অসমাপ্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। পর্যটন স্পটের লিংক রোডসমূহ নির্মাণ কার্যক্রম বিবেচনাধীন রয়েছে এবং উপজেলা রাস্তা গুলোর নির্মাণ কাজ চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে প্রকল্পসমূহের চলমান কাজ সম্পন্ন করতে হবে।<br>(খ) পর্যটন স্পটের লিংকরোডগুলো গুরুত্বসহকারে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br>(গ) উপজেলা রাস্তাগুলির কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| <u>৩.৩.গণপূর্ত জোন, সিলেট:</u><br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জানান গত মাসের সভার সিদ্ধান্তমতে, স্বাস্থ্যবিধি মেনে নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। নির্দিষ্ট আকৃতি ও মানের পাথর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভাগীয় সদর দপ্তরের মেরামত কাজ করা হয়েছে, তালিকা সংগ্রহ করে আরও কাজ করা হবে। সুনামগঞ্জ সার্কিট হাউসের কাজের চলমান রয়েছে। সভায় জানানো হয় যে, দোয়ারাবাজার মডেল মসিজদ নির্মাণের সময় গ্যাসের লাইনের অস্তিত্ব পাওয়া গেছে। দুর্ঘটনা এড়াতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দ্রুত যথাসময়ে উন্নয়ন কাজসমূহ সম্পন্ন করতে হবে।<br>(খ) বিভাগীয় সদর দপ্তর এর ভবনসমূহে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) সুনামগঞ্জ সার্কিট হাউজে গৃহীত উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(ঘ) দোয়ারাবাজার মডেল মসজিদের নিচে গ্যাস লাইন এর সমস্যা দ্রুত সমাধান করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট।<br>(ঘ)ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন<br>খ. জেলা প্রশাসক, সুনামগঞ্জ<br>গ. জালালাবাদ গ্যাস |
| <u>৩.৪.পানি উন্নয়ন বোর্ড, সিলেট:</u><br>গত সভার সিদ্ধান্তমতে সভায় উপস্থিতিসহ নদী, খাল ও বাধ মেরামত কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। প্রধান প্রকৌশলী জানান যে, ফসল রক্ষা বাঁধ নির্মাণের ১ম কিস্তির অর্থ পাওয়া যায়নি। ফলে কাজ বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হতে পারে। বরাদ্দ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ করার বিষয় সভায় আলোচিত হয়। | ফসল রক্ষা বাঁধ নির্মাণের অর্থ বরাদ্দের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন। |

| | | |
|---|---|---|
| ৩.৫.পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট:<br>গতসভার সিদ্ধান্ত মতে সভায় নিয়মিত উপস্থিতিসহ ঘন ঘন লোডশেডিং যাতে না হয় সে বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে সভায় জানানো হয়। সভায় বিদ্যুৎ বিভ্রাট বিষয়ে সর্তক দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |
| ৩.৬.বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্তমতে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন রাখতে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। সিলেট শহর এলাকায় আন্ডার গ্রাউন্ড এ কাজ চলমান থাকায় শহরে কিছুটা বিদ্যুৎ প্রবাহে বিঘ্ন ঘটছে। আন্ডার গ্রাউন্ডের কাজ শেষ হলে এ সমস্যা আর থাকবে না।প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট জানান যে, সিলেট বিভাগে শতভাগ বিদ্যুতায়নের কাজ প্রায় সমাপ্ত। | (ক) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |
| ৩.৭.আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে সরকার নির্ধারিতমূল্যে খাদ্য সংগ্রহ করা হয়েছে যদিও শতভাগ সংগ্রহ সম্ভব হয়নি। ভবিষ্যতে খাদ্য সংগ্রহ কার্যক্রম শতভাগ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খাদ্য শস্য সংগ্রহ নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |
| ৩.৮.সিলেট সিটি কর্পোরেশন:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বকেয়া বিদ্যুত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। করোনা পরিস্থিতিতে সিটি কর্পোরেশনের আয় হঠাৎ কমে যাওয়ায় বিল পরিশোধে বিলম্ব হচ্ছে। বিদ্যুৎ বিল সংক্রান্ত আপত্তি নিষ্পত্তি করা হয়নি। প্রধান প্রকৌশলী বিউবো জানান যৎসামান্য টাকার বিদ্যুৎ বিলের বিষয়ে আপত্তি রয়েছে, সিটি কর্পোরেশনের নিকট মোট বকেয়া প্রায় ৩০ কোটি টাকা। আপত্তিকৃত বিল ব্যতীত অন্যান্য বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা যেতে পারে। | (ক) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) আপত্তিকৃত বিদ্যুৎ বিলের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।। | **(ক)** প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।<br>(খ) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |
| ৩.৯.কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ জানান যে, বন্যায় ফসলের কিছু ক্ষতি হলেও সিলেট বিভাগে মোট ফসল উৎপাদন গত বছরের চেয়ে বেশি হবে। উৎপাদন বৃদ্ধিতে পদক্ষেপ নেয়ার জন্য কৃষি বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) ফসল উৎপাদন বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(খ) উৎপাদিত ফসলের বাজার নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(২) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট। |
| ৩.১০.বিএডিসি (ক্ষুদ্রসেচ), সিলেট:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিএডিসি'র শ্রীমঙ্গল এবং বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম ভেঙ্গে নতুন গুদাম তৈরির বিষয়ে কার্যক্রম চলমান। জায়গা নিয়ে কিছু সমস্যা থাকায় বিষয়টি এখনো নিষ্পত্তি হয়নি। বিভিন্ন স্কিমে বিদ্যুৎ সংযোগ এখনো বাকি রয়েছে। | (ক) শ্রীমঙ্গল ও বানিয়াচং উপজেলায় পুরাতন পরিত্যক্ত গুদাম বিধি মোতাবেক ভেঙ্গে নতুন গুদাম নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) স্কিমে বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. জেলা প্রশাসক, মৌলভীবাজার/হবিগঞ্জ<br>২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, সিলেট সার্কেল, সিলেট ও<br>৩. জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ৩.১১.স্বাস্থ্য বিভাগ, সিলেট:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে কোভিড-১৯ প্রতিরোধে মাস্ক পরিধান বিষয়ে প্রচারণা অব্যাহত আছে। করোনা রোগীর তথ্য নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। সভায় করোনার দ্বিতীয় দফা সংক্রমণ রোধে পূর্বপ্রস্তুতি ও সতর্কতা অবলম্বন সম্পর্কে আলোচনা করা হয়। | (ক) করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে মাস্ক পরিধান বিষয়ে প্রাচরণা ও অন্যান্য কার্যক্রম জোরদার করতে হবে।<br>(খ) করোনা দ্বিতীয় দফা সংক্রমণ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (ক) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক (সকল) |
| ৩.১২.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণে শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করা হচ্ছে। | (ক) প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিতব্য ওয়াশ ব্লক স্থাপনের বিষয়ে প্রাথমিক শিক্ষা বিভাগের সাথে সমন্বয় করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল। |
| ৩.১৩. প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে প্রাণিসম্পদ বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপ-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট। |
| ৩.১৪. মৎস্য অধিদপ্তর, সিলেট:<br>সভায় জানানো হয় এ বিভাগে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ১৪ অক্টোবর থেকে ৪ নভেম্বর ২০২০ পর্যন্ত ইলিশ ধরা বন্ধ থাকবে। এসময় দেশব্যাপী ইলিশ আহরণ, বিপণন, পরিবহন, ক্রয়-বিক্রয়, বিনিময় এবং মজুত নিষিদ্ধ থাকবে। | ইলিশ শিকার বন্ধ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) জেলা প্রশাসক (সকল)<br>(২) বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.১৫. আঞ্চলিক পরিচালকের দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট অঞ্চল:<br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে বিসিসির চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে সিলেট বিভাগে বিসিসির চলমান প্রকল্পসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (১) বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.১৬. বিটিসিএল, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে সিলেট শহরে ওয়াইফাই সেবা প্রদান অব্যাহত রয়েছে। | (ক) শহরে ফ্রি ওয়াই-ফাই সেবা প্রাদন নিশ্চিত করতে হবে। | (ক) প্রধান কর্মাধ্যক্ষ,সিলেট টেলিযোগাযোগ অঞ্চল, সিলেট। |
| <u>৩.১৭. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে অনলাইনে শিক্ষার্থীদে শ্রেণিপাঠদান অব্যাহত রয়েছে। | (ক) অনলাইনে শিক্ষার্থীদের ক্লাস নেয়ার চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | (১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল। |
| <u>৩.১৮. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্তমতে বিদ্যালয় বন্ধ থাকাকালীন নির্মাণ/মেরামত কাজ চলমান রয়েছে। | যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক বিদ্যালয়সমূহের অসমাপ্ত উন্নয়ন ও মেরামত কাজ সম্পন্ন করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সিলেট অঞ্চল।<br>(২)উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট |
| <u>৩.১৯. বিআরডিবি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্তমতে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে সহনশীল হয়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) উপপরিচালক, বিআরডিবি, সিলেট। |
| <u>৩.২০. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। পরিচালক আরও জানান যে, তার দপ্তরের প্রতিবেদন প্রেরণ প্রক্রিয়া বর্তমানে ডিজিটাল/অনলাইনে করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট বিভাগ, সিলেট। |
| <u>৩.২১. ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত :</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্যবিধি মেনে ভোক্তা অধিকার সংরক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। | স্বাস্থ্যবিধি মেনে বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট। |
| <u>৩.২২. পরিবেশ অধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতে সিলেট বিভাগ পরিবেশ অধিদপ্তরের কার্যক্রম ও অভিযান চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবেশ অধিদপ্তরের টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(খ) প্রকল্প প্রণয়নের সময় পরিবেশ ছাড়পত্র গ্রহণের বিষয় বিবেচনায় রাখতে হবে।<br>(গ) অবৈধ ইটভাটা বন্ধে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।<br>(২)জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।<br>(৩)পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ। |
| <u>৩.২৩.বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে তামাবিল সংলগ্ন বন ভূমি দখল মুক্ত রাখা হচ্ছে। | তামাবিলে বনভূমির ভূমি যাতে পাথর/কয়লা রাখা না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।<br>(২) কাস্টমস কমিশনার, সিলেট বিভাগ<br>(৩) জেলা প্রশাসক, সিলেট<br>(৪) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ।<br>(৫) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট। |
| <u>৩.২৪.বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখা হচ্ছে, পাসপোর্ট সম্পর্কিত প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখার জন্য নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা এবং অনলাইনে আবেদন পত্র গ্রহণ এবং মেসেজ দিয়ে পাসপোর্ট বিতরণ নিশ্চিত করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট। |
| <u>৩.২৫. জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্টদের নিকট প্রেরণ কার্যক্রম চলমান রয়েছে। | চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও মৌজা ম্যাপ জেলা প্রশাসক ও অন্যান্যদের নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট। |
| <u>৩.২৬.বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে ভাতাসমূহ অনলাইনে সরাসরি সেবাগ্রহীতার নিকট প্রেরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান। | (ক) মুক্তিযোদ্ধাভাতাসহ সকল প্রকার ভাতা ক্রমান্বয়ে অনলাইন পদ্ধতিতে সরাসরি গ্রাহকের নিকট পৌঁছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>(খ) মুক্তিযোদ্ধাদের অনলাইন তালিকা দ্রুত হালনাগাদ করতে হবে। | (১) পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ। |
| <u>৩.২৭.বিভাগীয় সমবায় অফিস, সিলেট:</u><br>যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস সভায় জানান যে ইতিপূর্বের সভার সিদ্ধান্ত মতে অনাবাদি জমি ফসল চাষে সমবায়ীগণ ভূমিকা রেখেছেন। তিনি আরও জানান যে, আগামী ৭ নভেম্বর সমবায় দিবস পালিত হবে। | যথাযোগ্য মর্যাদায় সমবায় দিবস পালন করতে হবে। | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় |
| <u>৩.২৮. বিভাগীয় পরিসংখ্যান অফিস, সিলেট:</u><br>সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত মতে স্বাস্থ্য বিধি মেনে শুমারি ও তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী শুমারির লিস্টিং এবং অন্যান্য কাজ অব্যাহত রাখতে হবে। | যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, সিলেট। |
| <u>৩.২৯. উপপরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে সার ও বীজ সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে। সভায় আগামী বোরো মৌসুমী হাওর অঞ্চলে আগাম জাত ধানের বীজ সরবরাহ ও চাষ নিশ্চিতের বিষয়ে আলোচিত হয়। | আগামী বোরো মৌসুমে হাওর অঞ্চলে আগাম জাতের ধানের বীজ সরবরাহ ও চাষ নিশ্চিতের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>খ. উপ পরিচালক (বীজ ও সার বিপনন), বিএডিসি, কদমতলী সিলেট। |

| | | |
|---|---|---|
| <u>৩.৩০.কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট:</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে প্রশিক্ষণ ও উদ্বোধ্যকরণ কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও বাজার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ কৃষকদেরকে উদবুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| <u>৩.৩১. জাতীয় সঞ্চয় অধিদপ্তর, সিলেট</u><br>সভায় জানানো হয় যে গত সভার সিদ্ধান্ত মতে অনলাইন ও ম্যানুয়াল পেমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনেঅনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১।জাতীয় সঞ্চয় অধিপ্তর, সিলেট। |
| <u>৩.৩২.জেলাপরিষদ, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার:</u><br>সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মতেজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান প্রকল্পসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১-৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ |
| <u>৩.৩৩.বিভাগীয়ফায়ার সার্ভিসঅফিস, সিলেট:</u><br>উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম সুস্থ্যভাবে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট |
| <u>৩.৩৪.বিভাগীয় আনসার ভিডিপি অফিস, সিলেট</u><br>উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) বিভাগীয় কার্যক্রম সুস্থ্যভাবে সম্পন্ন করতে হবে। | ১। উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট। |
| <u>৩.৩৫. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট:</u><br>মেট্রোপলিটন পুলিশ এর কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। পুলিশ কমিশনার, সিলেট বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। কোন কাজে পুলিশের প্রয়োজন হলে পুলিশ সহায়তা দিতে সর্বদা প্রস্তুত রয়েছে। টিসিবি এবং ওএমএস বিতরণে পর্যাপ্ত পুলিশ রয়েছে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানান। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট |
| <u>৩.৩৬.ইসলামিক ফাউন্ডেশন, সিলেট:</u><br>পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট বিভাগ জানান গত সভার সিদ্ধান্ত মতে তার বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ইমাম প্রশিক্ষণ কার্যক্রম চালু হচ্ছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১।পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট। |
| <u>৩.৩৭.জালালাবাদ গ্যাস:</u><br>জালাবাদ গ্যাসের উপস্থিত প্রতিনিধি জানান যে, রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনের জন্য সড়ক ও জনপথ বিভাগের নিকট জানুয়ারি মাসে ডিমান্ড নোট দেয়া হয়েছিল। অনুমোদন না পাওয়ায় গ্যাস লাইনে কাজ করা যাচ্ছে না। | রাজনগর-চাঁদনীঘাট রাস্তা সংলগ্ন গ্যাস লাইন স্থাপনে প্রয়োজনীয় সমন্বয় করতে হবে। | ক. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ<br>খ. জেলা প্রশাসক, মৌলভীবাজার<br>গ. মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট |
| <u>৩.৩৮. বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ:</u><br>আইএমইডি এর প্রতিনিধি বেগম আইনুর আক্তার পান্না(উপসচিব) সভায় জানান যে, বিভিন্ন বিভাগের প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য আইএমইডি কর্তৃক তত্ত্বাবধান করা হয়। সভার পূর্বে এ সকল প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্য সংগ্রহ করা প্রয়োজন। সড়ক ও জনপথ বিভাগের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান যে, কোন কোন প্রকল্প সরাসরি বিভাগীয় দপ্তরের অধীন নয়, প্রকল্প সম্পর্কিত তথ্য হয়তো একই মন্ত্রণালয়ের অধীন অন্য দপ্তর বা সংস্থা থেকে সংগ্রহ করতে হবে। কোন্ কোন্ প্রকল্পের তথ্য প্রয়োজন সে তালিকা পাওয়া গেলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে। | ক. আইএমইডি কর্তৃক তত্ত্বাবধানকৃত প্রকল্পের তালিকা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট প্রেরণ করতে হবে।<br>খ. বিভাগীয় প্রধানগণ আইএমইডি'র তালিকাভুক্তি প্রকল্পের হালনাগাদ তথ্য সংগ্রহ করে আইএমইডি'র প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন। | ক. প্রতিনিধি, আইএমইডি<br>খ. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

৪.০ গতমাসে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণে সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং পরবর্তী সভার সিদ্ধান্তসমূহের ক্রমাগত বাস্তবায়ন অব্যাহত রাখার বিষয়ে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.৮৬২


তারিখ: ২৫ কার্তিক ১৪২৭
১০ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার (সকল) সদস্য

৩) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



মেরিনা দেবনাথ
সহকারী কমিশনার